দৈনিক সংবাদ

তারিখ 15 DEC 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# আজ নয়াদিল্লীতে 'সবার জন্যে শিক্ষা' বিষয়ক শীর্ষ সম্মেলন

আজ বুধবার নয়াদিল্লীতে বিশ্বের অধিক ঘনবসতিপূর্ণ ৯টি দেশের 'সবার জন্য শিক্ষা' বিষয়ক দু'দিনব্যাপী এক শীর্ষ সম্মেলন শুরু হচ্ছে। বাংলাদেশ, ব্রাজিল, মেক্সিকো, নাইজেরিয়া, চীন, ইন্দোনেশিয়া, পাকিস্তান, মিশর ও স্বাগতিক দেশ ভারত এ সম্মেলনে অংশ নিচ্ছে। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দীন সরকারের নেতৃত্বে বাংলাদেশ থেকে ১০ সদস্যের একটি প্রতিনিধিদল সম্মেলনে অংশ নিচ্ছেন।

গত সোমবার ৯টি দেশের মন্ত্রী পর্যায়ের প্রাক-শীর্ষ সম্মেলনের অংশ হিসেবে অনুষ্ঠিত এক প্যানেল আলোচনায় ঘনবসতিপূর্ণ দেশগুলোতে ২ হাজার সালে সবার জন্য শিক্ষা কর্মসূচী রূপায়ণে অতিরিক্ত ১৬ লাখ শিক্ষকের প্রয়োজন হবে বলে উল্লেখ করা হয়। প্যানেল আলোচনায় এসব দেশের নিরক্ষরতা দূরীকরণে আরও বৈদেশিক সাহায্যের আহ্বান জানানো হয়। খবর বাসস ও জিনহুয়ার।